# 2026

## BENGALI

## ( Major )

Paper : BEN0600304

( সাহিত্যের শ্রেণিগত বৈশিষ্ট্য ও বিভিন্ন ধারা )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) নাতিদীর্ঘ সাহিত্যিক গদ্য রচনাকে এককথায় কী বলা হয়?

(খ) উনিশ শতকের প্রারম্ভিক পর্বের বাংলা প্রবন্ধ শিল্পের সার্থক রূপকার কে?

(গ) ব্যালাড জাতীয় রচনাকে দীনেশচন্দ্র সেন কী নাম দিয়েছিলেন?

(ঘ) ট্রয়যুদ্ধ-সংক্রান্ত নানা ধরনের ব্যালাড থেকে হোমার কোন মহাকাব্যটি রচনা করেন?

(ঙ) ‘গেঞ্জি’ নামে এক রাজকুমারের কাহিনি লিখে যে জাপানি মহিলা প্রথম ঔপন্যাসিকের গৌরব অর্জন করেছিলেন তাঁর নাম লেখো।

(চ) কোন ভাষায় উপন্যাসকে **‘Roman’** বলে?

(ছ) কোন শতক থেকে পাশ্চাত্যে ছোটোগল্পের যথার্থ বিকাশ শুরু হয়?

(জ) “ নাটক যুগপৎ _____ ও শ্রবণের ব্যাপার।”

( শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসাও )

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) প্রবন্ধকে যে দুটি প্রধান শ্রেণিতে বিভাজিত করা যায় সেই শ্রেণি দুটির নাম লেখো।

(খ) যে কোনো দুজন পাশ্চাত্য প্রবন্ধকারের নাম লেখো।

(গ) প্রাচীন গ্রীসে কোন বাদ্যযন্ত্র ব্যবহার করে গান পরিবেশিত হতো? এই ধরনের গানসমূহ কী নামে পরিচিত?

(ঘ) বাংলা ভাষায় রচিত দুটি সারস্বত মহাকাব্যের নাম লেখো।

(ঙ) রবীন্দ্রনাথের লেখা দুটি ব্যক্তিগত প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

(চ) *Essay on Man* কার লেখা? এটি কী ধরনের রচনা?

(ছ) অষ্টাদশ শতাব্দীর যে কোনো দুজন পাশ্চাত্য প্রবন্ধকারের নাম লেখো।

(জ) কোন ভাষার, কোন শব্দ থেকে ইংরেজি 'Novel' শব্দটির সৃষ্টি হয়েছে?

(ঝ) উপন্যাস ও ছোটোগল্পের দুটি সাদৃশ্য উল্লেখ করো।

(ঞ) গ্রিক নাটকের ত্রয়ী ঐক্যের অন্তর্গত যে কোনো দুটি ঐক্যের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) বস্তুপ্রধান প্রবন্ধ (Formal Essay) সম্পর্কে টীকা লেখো।

(খ) ব্যালাড সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) ছন্দোবদ্ধ কাহিনি-কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) আর্য মহাকাব্যের লক্ষণসমূহ উল্লেখ করো।

(ঙ) 'নভেলেট' কী জাতীয় সাহিত্য? 'নভেলেট' রচনায় পাশ্চাত্য কথাশিল্পীদের কৃতিত্বের পরিচয় দাও।

(চ) ছোটোগল্পের প্রকৃতি সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত ব্যক্ত করো।

(ছ) গ্রিক নাটকের ত্রয়ী ঐক্য সম্পর্কে আলোচনা করো।

(জ) কমেডি নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) : ১০×২=২০

(ক) “পরিচ্ছন্ন যৌক্তিকতা, বিন্যাসের পারম্পর্য, লেখকের একমুখী উদ্দেশ্য ইত্যাদি অবলম্বনে প্রবন্ধ-সাহিত্যের কলেবর গড়ে ওঠে।” উক্তিটির আলোকে প্রবন্ধের গঠনশৈলী সম্পর্কে আলোচনা করো।

(খ) মহাকাব্য সৃষ্টির ইতিহাস সম্পর্কে আলোচনা করো।

(গ) পাশ্চাত্যে ছোটোগল্প-ধারার বিকাশ সম্পর্কে আলোচনা করো।

(ঘ) উপন্যাসের আঙ্গিক ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

(ঙ) ট্র্যাজেডির সংজ্ঞা লেখো এবং এই শ্রেণির নাটকের প্রধান প্রধান বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করো।

★★★